

ঢাকা ওয়াসা

বিষয়ঃ “VAT-Tax”-বিষয়ে ৫টি প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

০১। উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে ২০২৫-২৬ অর্থবছরের জন্য প্রণীত ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় “VAT-Tax”-বিষয়ক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে। সরকারীভাবে প্রতি অর্থবছরের শুরুতে “অর্থ আইন” প্রণয়নের মাধ্যমে ভ্যাট-ট্যাক্স সংক্রান্ত আইন-কানুনে পরিবর্তন আনা হয়। দাপ্তরিক ক্রয় কাজের প্রাক্কলন প্রস্তুতের সময় ও হিসাব বিভাগ কর্তৃক বিল পরিশোধের ক্ষেত্রে প্রচলিত ভ্যাট ও ট্যাক্স সঠিকভাবে হিসাব করা এবং ভ্যাট ও ট্যাক্স সংক্রান্ত প্রচলিত ও পরিবর্তিত আইন-কানুন ও বিধিবিধান সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে কর্তৃক “VAT-Tax”-বিষয়ে ০৫টি প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। উক্ত ০৫টি প্রশিক্ষণ যথাক্রমে ২৬, ২৭, ৩০ এপ্রিল, ০৩ ও ০৪ মে ২০২৬ তারিখ অথবা সুবিধাজনক সময়ে প্রত্যেক সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ পর্যন্ত সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত ৫টি প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রতি ব্যাচে ২৫ (পঁচিশ) জন করে মোট ১২৫ (একশত পঁচিশ) জন সম্ভাব্য অংশগ্রহণকারীর তালিকা এবং প্রস্তুতকৃত খসড়া কর্মসূচী সদয় হয়ে দেখা যেতে পারে। প্রস্তুতকৃত তালিকায় উল্লিখিত কোন প্রশিক্ষণার্থী যৌক্তিক প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগ হলে সমপর্যায়ের অন্য প্রশিক্ষণার্থীকে আমন্ত্রণ জানানো হবে।

০২। ১২৫ (একশত পঁচিশ) জনের জন্য দিনব্যাপী উক্ত ০৫ টি প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৯৬,০০০/-	(২ সেশন ৩,৬০০/- টাকা হারে+৪ সেশন ৩,০০০/- টাকা হারে)×৫ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	১,০০,০০০/-	০৫ ব্যাচের ১২৫ জন ৮০০/- হারে ১ দিন
(গ) কোর্স পরিচালকের সম্মানী	১০,০০০/-	(২,০০০/- টাকা হারে ১ দিন)×৫ ব্যাচ
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৭,৫০০/-	(১,৫০০/- টাকা হারে ১ দিন)×৫ ব্যাচ
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	১০,০০০/-	(২ জন ১,০০০/- টাকা হারে ১ দিন)×৫ ব্যাচ
(চ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	৯২,৮০০/-	(বক্তা সাপোর্টিং স্টাফসহ ৩২ জন ৫৮০/- টাকা হারে ১ দিন)×৫ ব্যাচ
(ছ) পানি	৫,৮০০/-	(আধা লিটার ৮ কেস ১৩৫/- টাকা হারে ১ দিন)×৫ ব্যাচ
(জ) পাটের ব্যাগ, নোটবুক ও কলম	৫৬,২৫০/-	০৫ ব্যাচের ১২৫ সেট ৪৫০/- টাকা হারে
(ঝ) ভ্যাট-ট্যাক্স আইন সংক্রান্ত বই, ফটোকপি ও বিবিধ	৩০,০০০/-	আনুমানিক লামসাম
সর্বমোট	=৪,০৭,৯৫০/-	(কথায়ঃ টাকা চার লক্ষ সাত হাজার নয়শত পঞ্চাশ মাত্র)

০৩। এমতাবস্থায়, সংযুক্ত তালিকায় উল্লিখিত ৫টি প্রশিক্ষণ এর প্রতি ব্যাচে ২৫ (পঁচিশ) জন করে মোট ১২৫ (একশত পঁচিশ) জন অংশগ্রহণকারীর মনোনয়ন, ভ্যাট-ট্যাক্স বিষয়ক প্রশিক্ষণের কর্মসূচী এবং প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =৪,০৭,৯৫০/- (টাকা চার লক্ষ সাত হাজার নয়শত পঞ্চাশ মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে পেশ করা হ'ল।

০১/০৪/২০২৬

Muddan
০১.০৪.২৬

০২/০৪/২০২৬
DMD (HRA) Sir

০৬-৪-২৬

মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

মোঃ আমিরুল ইসলাম
(খুদায়াসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

ব্যবস্থাপনা পরিচালক
মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

০২/০৪/২০২৬
Depto (ARF)
Muddan
০২/০৪/২৬
৮৩০

০২/০৪/২০২৬
DMD

